

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট  
৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭

২০২১-২০২২ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টার বাস্তবায়নে অনুষ্ঠিত শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	মহাপরিচালক, আস্থায়ক জাতীয় শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি
তারিখ	:	২৯/০৬/২০২২খ্রিঃ
সময়	:	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	:	মহাপরিচালকের দপ্তর

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই তিনি বলেন যে, বর্তমান সরকার রূপকল্প- ২০২১ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতি দমন ও শুদ্ধাচার চর্চা করাকে একটি অপরিহার্য পরাকৌশল হিসেবে বিবেচনা করছে। মানুষের ব্যক্তিগত জীবন গঠনে নৈতিকতা ও শুদ্ধাচার যেমন প্রয়োজন তেমনিভাবে প্রাতিষ্ঠানিক কাজে স্বচ্ছতা আনয়নে শুদ্ধাচার প্রতিষ্ঠা জরুরি। অতঃপর তিনি শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সদস্য সচিব জনাব মোঃ জাফর আলী, ব্যবস্থাপনা উপদেষ্টা-কে অনুষ্ঠান পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

সভায় নির্ধারিত বিষয়ের উপর আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান- ২০২১-২০২২	<p>২০২১-২০২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ৪র্থ কোয়ার্টার বাস্তবায়নে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সিদ্ধান্তের মাধ্যমে গঠিত বাছাই কমিটির সভায় জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১ অনুসারে বিআইএম-এর কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পুরস্কার প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১-এর ৪ এ বর্ণিত মূল্যায়ন সূচক ও ৫ এ বর্ণিত পুরস্কার প্রাপ্তি যোগ্যতার আলোকে বিআইএম-এর কর্মচারীদের কার্যক্রম মূল্যায়ন করা হয়। সার্বিক পর্যালোচনার পর নিম্নবর্ণিত কর্মচারীদের শ্রেড ভিত্তিক পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়ঃ</p> <p>১। (ক) প্রকৌঃ মোঃ মেহবুব হাসান কল্লোল, উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা (০২-০৯ গ্রেডভুক্ত কর্মচারী)। (খ) মামুন মুজতাবা, ব্যবস্থাপনা উপদেষ্টা (০২-০৯ গ্রেডভুক্ত কর্মচারী)।</p> <p>২। (ক) মোঃ আতিকুর রহমান, সহকারী সমন্বয় কর্মকর্তা (১০-১৬ গ্রেডভুক্ত কর্মচারী)। (খ) মোঃ আব্দুল ওয়াদুদ, ইমাম (১০-১৬ গ্রেডভুক্ত কর্মচারী)।</p> <p>৩। (ক) মোঃ রফিকুল ইসলাম, নিরাপত্তা প্রহরী (১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারী)।</p> <p>বাছাই কমিটির উক্ত সিদ্ধান্তের আলোকে 'শুদ্ধাচার পুরস্কার (সংশোধন) নীতিমালা-২০২১-এর অনুচ্ছেদ ০৭ মোতাবেক নির্বাচিত কর্মচারীগণ পুরস্কার হিসেবে ০১টি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং ০১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন।</p>	শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি, প্রশাসন শাখা ও হিসাব ও বাজেট শাখা।

২। আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
তাহমিনা আখতার  
মহাপরিচালক

ও

আস্থায়ক, জাতীয় শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি।